প্রতিদিন অন্তত একবার আপনার প্রতিষ্ঠানের ই-মেইল দেখুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৭/২২১ তারিখঃ ০৯-০৪-২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ১ বছর মেয়াদি (জুলাই ২০১৬-জুন ২০১৭ সেশন) স্কীল সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের ২০১৭ সনের ২য় পর্ব বোর্ড সমাপনি চূড়ান্ত পরীক্ষা আগামী **০৪ জুন ২০১৭ খ্রিঃ তারিখ রবিবার** হতে বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মিরপুর দারুস সালাম, ঢাকা পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার সময়সূচি সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রে যথাসময়ে প্রেরণ করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোনঃ ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৪-০৬-২০১০ খ্রিঃ তারিখে অনুমোদিত খসড়া বাস্তবায়ন প্রবিধান ২০১০ এ মঞ্জুরিকৃত ট্রেড মোতাবেক ২য় পর্বে অধ্যয়নরত এবং উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী দ্বিতীয় পর্ব বোর্ড সমাপনি পরীক্ষা গ্রহণ করা হবে।

পরীক্ষার তথ্যাদি, online কপি (এন্ট্রিফরম), পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক online কপি প্রেরণ ও পরীক্ষা ফি জমা প্রদানের নিয়মাবলি এবং অন্যান্য শর্তাবলি নিম্নে প্রদত্ত হলোঃ

১। **পরীক্ষার তথ্যাদিঃ**
২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে ০১ বছর মেয়াদি স্কীল সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের ১ম বর্ষে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

২। **পরীক্ষার ফি এবং online-এ ফরম পূরণের নিয়মাবলিঃ**
২.১ পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী পরীক্ষার্থীগণকে অত্যন্ত সাবধানতার সহিত online এ ফরম পূরণ ও স্বাক্ষর করতে হবে।

২.২ সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।

৩। **পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ**

১	পরীক্ষার ফি	৩৫০.০০
২	কেন্দ্র ফি	৩২৫.০০
৩	নম্বরপত্র ফি	৭৫.০০
৪	সনদপত্র ফি	১০০.০০
৬	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়ের জন্য)	২০.০০
৭	ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাসমেন্ট ফি প্রতি পরীক্ষার্থী	১০০.০০

- **প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফি ও অন্যান্য ফি বাবদ ৯৫০/-(নয়শত পঁঞ্চাশ টাকা) + ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়ে ২০ টাকা) টাকা হারে আদায় করতে হবে।**

৪। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক online এ ফরম প্রেরণ ও পরীক্ষার ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলিঃ**

৪.১ Online এ ভুল তথ্যে ফরম পূরণ করা হলে তার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪.২ Online'র মাধ্যমে পূরণকৃত ডাটা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৪.৩ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট online কপি সরাসরি বাতিল করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ী থাকবে না।

৪.৪ প্রতি পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফি, নমবরপত্র ফি, সনদপত্র ফি এবং ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত (৩৫০/- + ৭৫/- + ১০০/- +৭০) = ৫৯৫/- (পাঁচশত পঁচানবই টাকা) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে প্রদানকরতঃ তৎপরিবর্তে সংগৃহিত পে-অর্ডার/ড্রাফটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই বোর্ডে প্রেরণ করতে হবে। পে-অর্ডার/ড্রাফটি সোনালী ব্যাংকের আগারগাও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৪.৫ প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি, ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি, ব্যবহারিক বিষয়ের ফি (প্রতি বিষয়), ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাসমেন্ট ফি বাবদ আদায়কৃত (যথাক্রমে ৩২৫/- + ৩০/-) = ৩৫৫/- টাকা এবং **ব্যবহারিক পরীক্ষার ফি ২০/- (প্রতি বিষয়ে জন্য)** শিক্ষা প্রতিষ্ঠানের ''কেন্দ্র ফি তহবিল'' ব্যাংক অ্যাকাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানি/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিস কর্তৃক প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৪.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালনযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না।

৪.৭ অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি online কপি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সাথে নির্ভুলভাবে পরীক্ষা করে ট্রেড অনুযায়ী শ্রেণিবিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণযোগ্য হবে না।

৪.৮ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

online এ পরীক্ষার্থীদের ফরম পূরনের শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা ও ব্যাংক ড্রাফট জমা করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি পরীক্ষার্থীর ২০০/-(দুইশত টাকা) বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফট ও online কপি বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ	১৮-০৫-২০১৫ নির্ধারিত তারিখের পরে কাগজপত্র গ্রহণ/ জমাদানের ক্ষেত্রে অতিরিক্ত ২৫০০/-প্রদান করতে হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
০৪-০৫-২০১৭খ্রিঃ হতে ১১-০৫-২০১৭খ্রিঃ	**১৫-০৫-২০১৭খ্রিঃ**	**১৭-০৫-২০১৭খ্রিঃ**	**১৮-০৫-২০১৭খ্রিঃ**	**২৩-০৫-২০১৭খ্রিঃ**	**২৪-০৫-২০১৭খ্রিঃ**

৪.৯ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় উত্তরপত্র, শিরোনামপত্র, রেজিস্ট্রেশন কার্ড, অ্যাডমিটকার্ডসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র এবং পরীক্ষার্থীদের online কপি (এন্ট্রিফরম) একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ে কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে বোর্ড হতে গ্রহণ এবং প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.১০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ সুলতান হোসেন, কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স শাখা), **বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং এর ৪র্থ তলা, শর্ট কোর্স শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯**

৫। <u>অন্যান্য শর্তাবলিঃ</u>

৫.১ পরীক্ষার্থীদের online কপি এবং ফিসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি ড্রাফট এর মাধ্যমে ও online কপি (এন্ট্রিফরম) সমূহ ৪.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণীসহ একটি ফরোয়াডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে online কপি অত্র বোর্ডে জমা করতে হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষাথীদেরকে সকল প্রকার উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে online কপি (এন্ট্রিফমর) ও ব্যাংক ড্রাফট ৪.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণেই শ্রেয় ও সমীচিন।

৫.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক online কপি পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদেরকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদেরকে অবহিত করা সর্বোত্তম।

৫.৪ পরীক্ষার অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষার শেষ হওয়ার ৭(সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় উত্তরপত্র প্রতি ১০০/-(একশত) টাকা ও অতিরিক্ত উত্তরপত্র প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা হারে জরিমানা করা হবে।

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৭/২২১(১১) তারিখঃ ০৯-০৪-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাও, ঢাকা-১২০৭।
২. মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অধ্যক্ষ, বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। আগামী ২৫ মে ২০১৭ তারিখের পূর্বে অ্যাডমিট কার্ডসহ এতদসংক্রান্ত যাবতীয় দলিলাদি প্রিন্টপূর্বক শর্টকোর্স শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
৭. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১ বছর মেয়াদি স্কীল সার্টিফিকেট কোর্স খসড়া বাস্তবায়ন প্রবিধান ২০১০ মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী বোর্ড সমাপনী পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত কোর্সের আলোকে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও প্রেরনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নোটিশ বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

(মোঃ সুলতান হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯